

প্রবাসীরা ভোট দিতে পারবেন ॥ দূতাবাসগুলোতে সেল খোলা হবে

সোনার বাংলা রিপোর্ট : প্রবাসী বাংলাদেশিদের ভোটার তালিকাভুক্ত করতে সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। এ জন্য বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসগুলোতে বিশেষ সেল খোলা হবে। তবে দ্বৈত নাগরিকদের ভোটার তালিকাভুক্তির ব্যাপারে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। নির্বাচন কমিশনার মুহাম্মদ ছহুল হোসাইন গত ১৯ জুন, মঙ্গলবার দুপুরে তার কার্যালয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে এ কথা বলেন।

নির্বাচন কমিশনার বলেন, প্রবাসী বাংলাদেশিদের নাম ছবিসহ ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করতে তিন নির্বাচন কমিশনার শতভাগ একমত পোষণ করেছেন। এ জন্য যেসব দেশে বাংলাদেশের দূতাবাস আছে, সেখানে একটি বিশেষ সেল খোলা হবে। দূতাবাসের কোনো কর্মকর্তাকে সহকারী রেজিস্ট্রেশন অফিসার হিসেবে নিয়োগ দেওয়া হবে। তিনি বাংলাদেশিদের ভোটার তালিকাভুক্ত করবেন। ছহুল হোসাইন বলেন, দূতাবাসগুলো ছাড়াও প্রবাসী বাংলাদেশিরা দেশে এসে ভোটার হতে পারবেন। দূতাবাসগুলোতে ভোটার হওয়ার পদ্ধতি সম্পর্কে তিনি বলেন, বাংলাদেশিদের সশরীরে উপস্থিত হয়ে ভোটার হতে হবে। এ জন্য তাদের পাসপোর্ট, ওয়ার্ক পারমিট অথবা রেসিডেন্ট পারমিট দেখাতে হবে। অনলাইনে ভোটার তালিকাভুক্ত করতে প্রবাসীদের প্রস্তাবের ব্যাপারে নির্বাচন কমিশনার বলেন, সেটা সম্ভব হচ্ছে না। কেননা এতে হ্যাকিং হতে পারে।

নির্বাচন কমিশনার আরো বলেন, যারা বাংলাদেশের নাগরিক, তারা অবশ্যই ভোটার হবেন। তবে যারা দ্বৈত নাগরিক, তাদের কীভাবে ভোটার তালিকাভুক্ত করা যায়, তা ওইসব দেশের আইন দেখে করা হবে। বিষয়টি এখনো ফয়সালা হয়নি। অন্যদিকে যেসব দেশে বাংলাদেশের দূতাবাস নেই, সেখানে কীভাবে ভোটার করা হবে প্রশ্নের জবাবে ছহুল হোসাইন বলেন, বিষয়টি নিয়ে পরে বিস্তারিত আলোচনার প্রয়োজন আছে। এখনো সিদ্ধান্ত হয়নি। পররাষ্ট্র ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনায় বসতে হবে। তবে উদ্যোগটি সফল হতে হলে সরকারের সহযোগিতা প্রয়োজন। ছহুল হোসাইন বলেন, বিদেশে প্রায় ৮০ লাখ বাংলাদেশি আছেন। তাদের ভোটাধিকার দেওয়ার বিষয়ে নির্বাচন কমিশন একটি ঐতিহাসিক সিদ্ধান্ত নিয়েছে। এ জন্য গণপ্রতিনিধিত্ব আদেশে কিছুটা পরিবর্তন আনতে হবে। ইতিমধ্যে বিষয়টি নিয়ে আইনগত খসড়া তৈরি করা হয়েছে। প্রবাসীরা কীভাবে ভোটাধিকার প্রয়োগ করবেন জানতে চাইলে নির্বাচন কমিশনার বলেন, নির্বাচনের আগে তারা দেশে ফিরে আসতে পারেন অথবা পোস্টাল ব্যালটে ভোট দিতে পারেন।

ছহুল হোসাইন জানান, প্রবাসীদের ভোটার তালিকাভুক্ত করতে হলে বাড়তি অর্থের প্রয়োজন হবে না। মূল বাজেটের মধ্য থেকেই করা যাবে। আমেরিকা, কানাডা, অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডের মতো বড় দেশে শুধু দূতাবাসে বসে সবাইকে ভোটার তালিকাভুক্ত করা সম্ভব হবে কি-না প্রশ্নের জবাবে নির্বাচন কমিশনার বলেন, এবার দূতাবাসে বসেই করা হচ্ছে। ভবিষ্যতে তা আরো বিস্তৃত করা যায় কি-না দেখা হবে।